গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.com

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.২২৬.১৯-৩৩৭ তারিখ: ১৪ অক্টোবর ২০১৯

# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি: বিভিন্ন অপরাধে ৭৬টি প্রতিষ্ঠানকে ৫.৩০ লক্ষ টাকা জরিমানা

**১৩ অক্টোবর ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৩২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, নরসিংদী, টাঙ্গাইল, মাদারীপুর, নেত্রকোণা, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, শেরপুর, ফরিদপুর, চাঁদপুর, বগুড়া, সিরাজগঞ্জ, খুলনা, চুয়াডাঙ্গা, খুলনা, বাগেরহাট, হবিগঞ্জ, মৌলভীবাজার, বরিশাল, ভোলা, পটুয়াখালী, পঞ্চগড়, দিনাজপুর-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনাকরা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়েরউপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব মো: মাসুম আরেফিন, জনাব ফাহমিনা আক্তার, জনাব মো: মাগফুর রহমান, জনাব ইন্দ্রানী রায় ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালকজনাব মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক ধানমন্ডি, তেজগাঁও ও শ্যামবাজার এলাকায় বাজার তদারকি কার্যক্রমপরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে 'হালকা ফুলকা' কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'ইউসুফ কনফেকশনারী', 'কেলিফোর্নি য়া কনফেকশনারী' 'ডিস ডিপার্ট মেন্টাল স্টোর'কে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'বেকার স্টোর', 'আল্লাহর দান ফল বিতান', 'কিচেন মার্কেট', 'আবু বকর (রা:) বাণিজ্যালয়', 'মাহবুব ফ্রুটস', 'মায়ের দোয়া জেনারেল স্টোর', 'ভাই ভাই জেনারেল স্টোর' কে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে 'ময়ূরী কনফেকশনারী' ও 'ওয়েসিস' কে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে 'বিক্রমপুর ফল ভান্ডার' কে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত১৩ অক্টোবর ২০১৯ তারিখে বিভিন্ন অপরাধে সর্বমোট**১,৩৩,০০০/- (এক লক্ষ তেঁত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **২৬টি** বাজার তদারকি কার্যক্রমেরমাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ, ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **৫৪টি** প্রতিষ্ঠানকে **৩,৩৭,০০০/- (তিন লক্ষ সাইত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে **৮টি** প্রতিষ্ঠানকে **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আইনানুযায়ী **৮ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে তৎক্ষণাৎ **১৫,০০০/- (পনের হাজার)** টাকা প্রদান করা হয়।

গত ১৩ অক্টোবর ২০১৯ তারিখে সর্বমোট**৩২টি** বাজার তদারকি কার্যক্রম পরিচালনা ও**৮টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭৬টি** প্রতিষ্ঠানকে মোট **৫,৩০,০০০/- (পাঁচ লক্ষ ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমেসহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
আফরোজা রহমান
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকন্ঠ/দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।